

বিজিএ/কাস/২০২৩/১৭

১৯ জানুয়ারি ২০২৩


## সম্মানিত সকল সদস্যের জন্য

এতদ্বারা সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের গেইট নং “বি” এর মাধ্যমে মালামাল আমদানির ক্ষেত্রে চাপ না থাকার কারণে পণ্য ডেলিভারির সময়হ্রাস করে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারন করা হয়েছে।

উল্লেখ্য, বিজিএমইএ’র সদস্য প্রতিষ্ঠানের নিযুক্ত সি এন্ড এফ এজেন্টদের প্রতিনিধিগণ কার্যদিবসের সকাল থেকেই তাদের পণ্য ডেলিভারির কার্যক্রম সম্পন্ন না করে দুপুর ১২:০০ টা থেকে তাদের নির্ধারিত কার্যক্রম শুরু করেন। ফলশ্রুতিতে বর্তমানে আমদানি পণ্যের চাপ না থাকলেও সি এন্ড এফ এজেন্ট কর্তৃক দৈনিক বিলম্বে কাজ শুরু করার কারণে বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে পণ্য ডেলিভারি নেয়া কোন কোন ক্ষেত্রে সম্ভবপর হয়ে উঠে না।

এখানে আরো উল্লেখ্য যে, বিজিএমইএ কর্তৃপক্ষের সাথে ঢাকা কাস্টমস হাউসের কর্মকর্তাদের এ বিষয়ে আলোচনা হয়েছে। তারা আশ্বাস প্রদান করেছেন যে, বন্ডের আওতায় আমদানি পণ্যের চাপ বৃদ্ধি পেলে এ সময়সীমা বিকাল ৪:০০ ঘটিকা থেকে প্রয়োজন অনুযায়ী বৃদ্ধি করা হবে।

এমতাবস্থায়, আপনাদের স্বস্থ সি এন্ড এফ এজেন্টরা যাতে কর্মদিবসের সকাল থেকেই পণ্য ডেলিভারির কার্যক্রম শুরু করে তার নিমিত্তে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

  
মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)**

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •